

তারিখ
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

ঢাকা বইমেলায় চল নেমেছে মানুষের ॥ বিক্রির শীর্ষে 'নীল মানুষ'

স্টাফ রিপোর্টার ॥ দুটির দিনে ঢাকা বইমেলায় মানুষের চল নেমেছিল শুক্রবার। বেলা ১১টায় এদিন মেলার দ্বার খুলে দেয়া হয়েছিল ক্রেতা-দর্শকদের জন্য। দু'টাকার টিকিট কেটে তাঁরা মেলায় আসেন পছন্দের বই কেনার জন্য।

'সুষ্ঠু সমাজ গঠনের জন্য বই' স্লোগান নিয়ে জাতীয় গ্রন্থ কেন্দ্রের আয়োজনে এবার অষ্টমবারের মতো অনুষ্ঠিত হচ্ছে ঢাকা বইমেলা। ঢাকা বইমেলায় কোন স্থান এখনও নির্ধারিত হয়নি, সময়ও নির্দিষ্ট হয়নি। গত বছর এ মেলা (২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

ঢাকা বইমেলায় চল (প্রথম পাতার পর)

অনুষ্ঠিত হয়েছে মোহাম্মদপুর সাত মসজিদ রোডস্থ শারীরিক শিক্ষা কলেজ চত্বরে। শহরের একপ্রান্তে মেলা অনুষ্ঠিত হওয়ায় সেবার মেলা তেমন জমেনি। এ বছর মেলা অনুষ্ঠিত হচ্ছে শেরেবাংলা নগর জাতীয় প্যারেড গ্রাউন্ড মাঠে। এখানে যোগাযোগের সুবিধা ও বিশাল খোলামেলা পরিবেশ, কয় পার্কিংয়ের জন্য গ্রন্থ জায়গা থাকায় এবার মেলায় প্রথমদিন থেকে লোকসমাগম হচ্ছে গ্রন্থের।

মেলা মঞ্চের অনুষ্ঠান

অষ্টম ঢাকা বইমেলা মঞ্চে প্রতিদিন সন্ধ্যায় নিয়মিতভাবে লেখক-পাঠক মুখোমুখি, বিষয়ভিত্তিক আলোচনাসহ বিভিন্ন অনুষ্ঠানের ব্যবস্থা রাখা হয়েছে। গতকাল লেখক-পাঠক পর্বে অংশ নেন কথাসিঙ্গী মঈনুল আহসান সাবের ও ফখরুজ্জামান চৌধুরী। আজ শনিবার এ পর্বে অংশ নেবেন কথাসিঙ্গী শওকত আলী ও রেজওয়ান সিদ্দিকী। আগামী ৯ তারিখ থেকে শুরু হবে বিষয়ভিত্তিক আলোচনা। অনুষ্ঠান পরিচালনা করেন কবি সুহিতা সুলতানা।

লটারী

ঢাকা বইমেলায় দর্শকদের জন্য প্রতিদিনই রয়েছে লটারীর ব্যবস্থা। প্রবেশপত্রের একাংশ জমা রাখা হচ্ছে গেটের পাশের বাসে। প্রতিদিন মেলার শেষে রাত সাড়ে আটটায় লটারী অনুষ্ঠিত হচ্ছে। বিজয়ী তিনজনকে পুরস্কার দেয়া হবে বই। মেলার সমাপনী দিনে এই পুরস্কার বিতরণ করা হবে।

নীল মানুষ শীর্ষে

ঢাকা বইমেলায় বিক্রির শীর্ষে রয়েছে জনপ্রিয় ঔপন্যাসিক হুমায়ূন আহমেদের মেলায় প্রকাশিত একমাত্র উপন্যাস নীল মানুষ। এটি প্রকাশ করেছে অন্যপ্রকাশ। এ ছাড়া হুমায়ূন আহমেদের আরও একটি উপন্যাস প্রকাশ করেছে অন্যপ্রকাশ 'কুটুমিয়া'।